

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০২.২০২৩/১৬

তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৭১/২০২৪

**বিষয়ঃ** আমদানিতব্য “Diesel Exhaust Fluid (DEF)” হিসেবে ব্যবহার্য ইউরিয়া এর জলীয় দ্রবণ নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

**সূত্রঃ** Gulf Oil Bangladesh Ltd. এর ২৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Gulf Oil Bangladesh Ltd. নামক প্রতিষ্ঠান “Diesel Exhaust Fluid (DEF)” হিসেবে ব্যবহার্য ইউরিয়া এর জলীয় দ্রবণ নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Gulf Oil Bangladesh Ltd.
আবেদনকারীর ঠিকানা	Concord Silvy Heights (5 <sup>th</sup> Floor), 11A, Gulshan Avenue, Dhaka-1212.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Diesel Exhaust Fluid (DEF)
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Can, Bucket and Drum
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	India/UAE/Singapore
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	3102.10.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানি পণ্যের বিবরণ:

Diesel Exhaust Fluid (DEF) নামক পণ্যটি Can, Bucket and Drum প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আলোচ্য পণ্যটির Safety Data Sheet এবং সংশ্লিষ্ট অন্যান্য তথ্য উপাত্ত পর্যালোচনা করে দেখা যায় যে, পণ্যটি একটি Aqueous Solution যাতে 25-50% Urea বিদ্যমান। Diesel Exhaust Fluid (DEF) stored in a dedicated tank in advanced diesel vehicle. Its is injected into the exhaust system to clean exhaust gases and reduce the amount of nitrogen oxides (NoX) and air pollution created by a diesel engine. BCT ও Explanatory Notes এর Volume-2 এর পৃষ্ঠা XVI-3102-1-তে হেডিং 31.02 এর Sub-Heading 3102.10 এর বর্ণনায় বলা হয়েছে Urea, whether or not in aqueous solution." যার ব্যাখ্যায় উল্লেখ রয়েছে

"Urea (diamide of carbonic acid), whether or not pure.Used mainly as fertilizer but also as animal food, in the manufacture of urea-formaldehyde resins, in organic synthesis, etc."

"It should be noted that the mineral or chemical products described in the limitative list are classified in this heading even when they are clearly not to be used as fertilisers"

যেহেতু পণ্যটি Urea এর একটি Aqueous Solution এবং Explanatory Notes এর ব্যাখ্যা মতে পণ্যটির fertiliser ব্যতীত অন্যান্য ব্যবহার হলেও হেডিং 3102 ভুক্ত হওয়ার সুযোগ রয়েছে।

বর্ণিত অবস্থায়, সার্বিক বিবেচনায় Diesel Exhaust Fluid (DEF) হিসেবে ব্যবহার্য ইউরিয়া এর জলীয় দ্রবণ পণ্যটি এইচ এস কোড 3102.10.00 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-২০.০২.২০২৪

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০০২.২০২৩/ ৯৬

তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বহং করদাতা ইউনিট (মুসক)/(আপীল) ঢাকা-১/(আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুদ্ধ রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।


২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৭। ব্যবস্থাপনা পরিচালক, Gulf Oil Bangladesh Ltd., Concord Silvy Heights (5<sup>th</sup> Floor), 11A, Gulshan Avenue, Dhaka-1212.

  
২০/২/২৪  
(তানভীর আহমেদ)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com